# অনলাইনে মিলনায়তন ব্যবহার

শাখার নাম: প্রশাসন

## আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

### ১। অফিস প্রোফাইল

**ক) একনজরে অফিস:**

| | | | |
|---|---|---|---|
| **প্রতিষ্ঠানের নাম** | বাংলা | আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট | |
| | ইংরজি | International Mother Language Institute | |
| | সংক্ষিপ্ত | IMLI | |
| **অফিস প্রধানের পদবি** | মহাপরিচালক | নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ | মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় |
| **অফিসের সংখ্যা** | ০১ (এক)টি | | |
| **জনবল** | ৯৮ (আটানব্বই) জন | | |
| **অফিসের ঠিকানা** | শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০। | | |
| **যোগাযোগ (ই-মেইল, ফোন, ফ্যাক্স)** | imli.moebd@gmail.com, dg@imli.gov.bd | | |
| **ওয়েবসাইটের ঠিকানা** | www.imli.gov.bd | | |
| **যাতায়াতের বর্ণনা (গুগল ম্যাপসহ)** |  | | |

## খ) অফিসের ভিশন ও মিশন:


**ভিশন:** পৃথিবীর সকল মাতৃভাষার সুরক্ষা।

**মিশন:** বাংলাভাষাসহ সকল মাতৃভাষার সংরক্ষণ, বিপন্ন ও বিলুপ্তপ্রায় ভাষার প্রামাণীকরণ (documentation) ও সে-সংক্রান্ত গবেষণা, লেখ্যরূপ নেই এমন ভাষার লেখ্যরূপ প্রবর্তন, অভিধান প্রণয়ন, ভাষা বিষয়ে অন্যান্য গবেষণা ও প্রশিক্ষণের সমন্বয়ে বিভিন্ন ভাষাভাষী জনগোষ্ঠীর স্বকীয় সংস্কৃতির বিকাশ।

## গ) অফিসের পরিচিতি ও ছবি (অনধিক ২০০ শব্দ):

বিশ্বের বিপন্ন ও প্রায়-বিলুপ্ত ভাষাসমূহের সংরক্ষণ ও বিকাশের লক্ষ্যে ১৯৯৯ সালের ১৭ নভেম্বর জাতিসংঘ কর্তৃক অমর একুশে ফেব্রুয়ারিকে *আন্তর্জাতিক মাতৃভাষা দিবস* ঘোষণা করা হয়। এই স্বীকৃতির ফলে মাতৃভাষার সম্মান ও মর্যাদা রক্ষায় ১৯৫২ সালের ভাষা আন্দোলনে বাঙালির অতুলনীয় আত্মদানের গৌরবোজ্জ্বল ইতিহাস বিশ্বময় পরিচিতি লাভ করেছে। জাতি-ধর্ম-বর্ণ-গোষ্ঠী ও সম্প্রদায় নির্বিশেষে পৃথিবীর সকল মাতৃভাষাভাষী মানুষ এ অর্জনের ফলে উজ্জীবিত এবং মাতৃভাষার উন্নয়ন ও আধুনিকায়নে সচেষ্ট। উল্লেখ্য, এ স্বীকৃতি অর্জনে কানাডাপ্রবাসী (প্রয়াত) রফিকুল ইসলাম এবং কানাডার বহুভাষিক ও বহুজাতিক সংগঠন *Mother Language Lovers of the World* (বিশ্ব মাতৃভাষা প্রেমিকগোষ্ঠী) প্রাথমিক পর্যায়ে সক্রিয় ভূমিকা পালন করে। পরবর্তী পর্যায়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী ও বঙ্গবন্ধু-কন্যা শেখ হাসিনার সময়োচিত ও ত্বরিত পদক্ষেপ গ্রহণের ফলে এ সাফল্য বাস্তব রূপ লাভ করে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৯৯ সালের ৭ ডিসেম্বর পল্টন ময়দানে অনুষ্ঠিত বিশাল জনসভায় ঘোষণা করেন, 'পৃথিবীর বিকাশমান ও বিলুপ্তপ্রায় ভাষাগুলির মর্যাদা ও অধিকার রক্ষায় গবেষণা করার জন্য ঢাকায় একটি আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন করা হবে।' তিনিই ১৫ মার্চ ২০০১ ঢাকার সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এসময়ে জাতিসংঘের তৎকালীন মহাসচিব কফি এ আনান উপস্থিত ছিলেন। মাননীয় প্রধানমন্ত্রী ২০১০ সালের অমর একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) ভবনের শুভ উদ্বোধন করেন। এর ধারাবাহিকতায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট একটি সুনির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে কাজ করে যাচ্ছে। উল্লেখ্য, ১২ জানুয়ারি ২০১৬ তারিখে প্রতিষ্ঠানটি ইউনেস্কো ক্যাটিগরি-২ ইনস্টিটিউটের স্বীকৃতি লাভ করেছে।

## ঘ) অফিসের অর্গানোগ্রাম:



**ঙ) সেবার তালিকা:**

| ক্রম | সেবা নাম | সেবাপ্রাপ্তির পর্যায় (অধিদপ্তর/আঞ্চলিক) |
|---|---|---|
| ১ | অনলাইনে মিলনায়তন ব্যবহার | সকলের জন্য উন্মুক্ত |
| ২ | গেস্টহাউস (অতিথিশালা) ব্যবহারের আবেদন | সকলের জন্য উন্মুক্ত |
| ৩ | সেমিনার ও ওয়ার্কশপে অংশগ্রহণ | আমন্ত্রিত অংশগ্রহণকারী |

## ২। ডিজিটাইজড্কৃত সেবা প্রোফাইল

**ক) সেবার নাম:** অনলাইনে মিলনায়তন ব্যবহার

**খ) সেবাটি ডিজিটাইজডকরণের যৌক্তিকতা:**

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের আন্তর্জাতিক মানের অডিটোরিয়ামটি বিভিন্ন সংস্থা/প্রতিষ্ঠান বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের জন্য ব্যবহার করে থাকে। বিভিন্ন দিবস উদ্‌যাপনের ক্ষেত্রে অনুষ্ঠান আয়োজন উপলক্ষে প্রতিষ্ঠানসমূহ যাতায়াত ও অনুমোদনের দীর্ঘসূত্রিতার কারণে ভোগান্তির সম্মুখিন হয়। এ সেবাটি ডিজিটাইজড করা হলে সেবা গ্রহীতাগণের যাতায়াত ও অনুমোদনের দীর্ঘসূত্রিতার কারণে সৃষ্ট ভোগান্তি হ্রাস পাবে।

**গ) সেবাপ্রাপ্তির মৌলিক তথ্যাদি:**

শিক্ষা মন্ত্রণালয় এবং এটুআই প্রজেক্টের র‍্যাপিড ডিজিটাইজেশনের আওতায় একটি অনলাইন বেজড ওয়েবসাইট/সফটওয়ার তৈরি করা হবে। এর মাধ্যমে সেবা গ্রহীতাগণ অনলাইনে অডিটোরিয়ামের বুকিং দিতে সক্ষম হবে।


| | বিষয় | তথ্যাদি |
|---|---|---|
| ১ | **সেবা প্রদানকারী অফিস** | আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট |
| ২ | **সেবার সংক্ষিপ্ত বিবরণ** | শিক্ষা মন্ত্রণালয় এবং এটুআই প্রজেক্টের র‍্যাপিড ডিজিটাইজেশনের আওতায় একটি অনলাইন বেজড ওয়েবসাইট/সফটওয়ার তৈরি করা হবে। এর মাধ্যমে সেবা গ্রহীতাগণ অনলাইনে অডিটোরিয়ামের বুকিং দিতে সক্ষম হবে। তাদের পত্র ই-নথি ব্যবস্থাপনায় ডাক হিসেবে উপস্থাপিত হবে। এর ফলে অডিটোরিয়ামের বুকিং অনুমোদনের দীর্ঘসূত্রিতা হ্রাস পাবে। সময় ও যাতায়াত কমবে। |
| ৩ | **বার্ষিক সেবা গ্রহণকারীর সংখ্যা** | ৫০ (পঞ্চাশ)টি সংস্থা/প্রতিষ্ঠান (আনুমানিক) |
| ৪ | **সেবাপ্রাপ্তির শর্তাবলি** | অনলাইনে আবেদন করতে হবে। |
| ৫ | **দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী** | উপপরিচালক (প্রশাসন) |
| ৬ | **সেবাপ্রাপ্তির সময়** | ০৩ দিন |
| ৭ | **সেবা প্রাপ্তিতে প্রয়োজনীয় কাগজপত্র** | মিলনায়তন বুকিং করার জন্য আবেদন |
| ৮ | **সেবাপ্রাপ্তির জন্য খরচ** | নির্ধারিত ভাড়া |

### ঘ) বিদ্যমান সেবা-পদ্ধতি বিশ্লেষণ

| সেবাপ্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় (দিন/ঘন্টা/মিনিট) | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি) |
|---|---|---|---|
| ধাপ-১ | সেবা গ্রহীতার আমাই-তে আগমন। কর্তৃপক্ষের সাথে যোগাযোগক্রমে অনুষ্ঠানের দিন-ক্ষণ নির্ধারণ | ১ দিন | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ধাপ-২ | অনুমতি গ্রহণের জন্য মহাপরিচালক বরাবর পত্র প্রেরণ | ১ দিন | সেবাগ্রহীতা |
| ধাপ-৩ | ডাক গ্রহণ | ১ দিন | ব্যক্তিগত সহকারী |
| ধাপ-৪ | ডাক শাখায় প্রেরণ | ১ দিন | মহাপরিচালক |
| ধাপ-৫ | নথিতে অনুমোদন | ১ দিন | সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ |
| ধাপ-৬ | অনুমোদনের পত্র প্রেরণ | ১ দিন | বার্তা বাহক |
| ধাপ-৭ | ভাড়া পরিশোধ | ১ দিন | সেবা গ্রহীতা ও হিসাব সহকারী |
| ধাপ-৮ | নথিতে চুড়ান্ত অনুমোদন | ১ দিন | সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ |
| ধাপ-৯ | অনুমোদনের পত্র প্রেরণ | ১ দিন | বার্তা বাহক |
| ধাপ-১০ | সেবা গ্রহীতা কর্তৃক নির্ধারিত তারিখে অডিটোরিয়ামে অনুষ্ঠান আয়োজন | ১ দিন | সেবা গ্রহীতা |

### ৬) বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map)


অডিটোরিয়াম সেবা



**চ) বিদ্যমান সমস্যা সমাধানে ক্যাটাগরিভিত্তিক প্রস্তাবনা:**

| ক্ষেত্র | সমস্যারবর্ণনা | সমাধানের প্রস্তাবনা |
|---|---|---|
| ১। আবেদনপত্র/ফরম/ রেজিস্টার/প্রতিবেদন | আবেদন বিভিন্ন জায়গায় বিতরণে লোকবল ও সময় দরকার। কাগজ খরচ। প্রিন্টার লাগে। | অনলাইনের আদেন করতে হবে। |
| ২। দাখিলীয় কাগজপত্রাদি | আবেদন অনেক জমে গেলে সেগুলো ব্যবস্থাপনা করা কঠিন হয়ে যায়। এক ডাক ফাইলে কাগজ আরেক যাক ফাইলে ঢুকে যায়। | কাগজপত্র হারিয়ে যাওয়া ভয় নেই। |
| ৩। সেবার ধাপ | ১০ | ৩ |
| ৪। সম্পৃক্ত জনবল | ১৩ | ৭ |
| ৫। স্বাক্ষরকারী/ অনুমোদনের সঙ্গে সম্পক্ত ব্যক্তির সংখ্যা ও পদবি | কর্মকর্তা-৪, ব্যক্তিগত সহকারী-১, হিসাব সহকারী-১, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-১, অফিস সহায়ক-৫, বার্তা বাহক-১ | কর্মকর্তা-৪, ব্যক্তিগত সহকারী-১, হিসাব সহকারী-১, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-১, |
| ৬। আইন/বিধি/প্রজ্ঞাপন ইত্যাদি | আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট অডিটোরিয়াম ব্যবহার নীতিমালা | আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট অডিটোরিয়াম ব্যবহার নীতিমালা |
| ৭। অবকাঠামো/হার্ডওয়ার ইত্যাদি | কম্পিউটার,প্রিন্টার, কাগজ | কম্পিউটার , ইন্টারনেট |
| ৮। রেকর্ড /তথ্য সংরক্ষণ | ফাইল, হার্ডডিস্ক | হার্ডডিস্ক ও সার্ভার |
| ৯। প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কি না | নেই | আছে। |
| ১০। খরচ (নাগরিক+অফিস) | | |
| ১১। সময় (নাগরিক+অফিস) | | |
| ১২। যাতায়াত (নাগরিক+অফিস) | ২+১ | - |
| ১৩। অন্যান্য | | - |

**ছ) প্রস্তাবিত প্রসেস ম্যাপ**



**জ) তুলানামুলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবতি পদ্ধতির ধাপভিত্তিক তুলনা)**

| বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ | বিদ্যমান ধাপের বর্ণনা | প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ | প্রস্তাবিত ধাপের বর্ণনা |
|---|---|---|---|
| ধাপ-১ | সেবা গ্রহীতার আমাই-তে আগমন। কর্তৃপক্ষের সাথে যোগাযোগক্রমে অনুষ্ঠানের দিন-ক্ষণ নির্ধারণ | ধাপ-১ | mygov ওয়েবসাইটে থেকে অনলাইনে বুকিং করতে হবে। |
| ধাপ-২ | অনুমতি গ্রহণের জন্য মহাপরিচালক বরাবর পত্র প্রেরণ | ধাপ-২ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ ই-নথি মারফত সিদ্ধান্ত প্রদান করেন |
| ধাপ-৩ | ডাক গ্রহণ | ধাপ-৩ | ইমেইল/ই-নথি মারফত সিদ্ধান্ত প্রেরণ |
| ধাপ-৪ | ডাক শাখায় প্রেরণ | ধাপ-৪ | ভাড়া পরিশোধ |
| ধাপ-৫ | নথিতে অনুমোদন | ধাপ-৫ | ই-নথি মারফত চূড়ান্ত অনুমোদন |
| ধাপ-৬ | অনুমোদনের পত্র প্রেরণ | ধাপ-৬ | ইমেইল/ই-নথি মারফত সিদ্ধান্ত প্রেরণ |
| ধাপ-৭ | ভাড়া পরিশোধ | ধাপ-৭ | সেবা গ্রহীতা কর্তৃক নির্ধারিত তারিখে অডিটোরিয়ামে অনুষ্ঠান আয়োজন |
| ধাপ-৮ | নথিতে চূড়ান্ত অনুমোদন | | |
| ধাপ-৯ | অনুমোদনের পত্র প্রেরণ | | |
| ধাপ-১০ | সেবা গ্রহীতা কর্তৃক নির্ধারিত তারিখে অডিটোরিয়ামে অনুষ্ঠান আয়োজন | | |

**৩।TCV (Time , Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা**

| | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ১০ দিন | ৩ দিন |
| খরচ (নাগরিক ও অফিসের) | সেবা গ্রহীতার ৪/৫ বার যাতায়াত ও নির্ধারিত ভাড়া | সেবা গ্রহীতার ১ বার যাতায়াত ও নির্ধারিত ভাড়া |
| যাতায়াত | ৪/৫ বার | ১ বার |
| ধাপ | ১০ | ৭ |
| জনবল | ১৩ | ৭ |
| দাখিলীয় কাগজপত্র | আবেদন | নেই |

**৪। বাস্তবায়ন**

**ক) বাস্তবায়নের অভিজ্ঞতার আনুপূর্বিক বিবরণ (২০০ শব্দের মধ্যে)**

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের একটি আন্তর্জাতিক মানের মিলনায়তন রয়েছে। এটি বিভিন্ন সংস্থা/প্রতিষ্ঠান বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের জন্য ব্যবহার করে থাকে। বিভিন্ন দিবস উদ্‌যাপনের ক্ষেত্রে অনুষ্ঠান আয়োজন উপলক্ষে প্রতিষ্ঠানসমূহ যাতায়াত ও অনুমোদনের দীর্ঘসূত্রিতার কারণে ভোগান্তির সম্মুখিন হয়।সেজন্য অনলাইনের মাধ্যমে মিলনায়তন বুকিংয়ের সফট্ওয়্যার তৈরির সিদ্ধান্ত গ্রহণ করা হয়। মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এবং এটুআই প্রজেক্টের র‍্যাপিড ডিজিটাইজেশন উদ্যোগের মাধ্যমে এই সেবাটি ডিজিটাইজড করে mygov প্লাটফর্মের মাধ্যমে অনলাইনে লাইভ করা হয়। এখন সফট্ওয়ারটি পূরণমাত্রায় চলছে। সেবা গ্রহীতার সময় ব্যয়, যাতায়াত ও ভোগান্তি কমছে। অফিসের সময় ব্যয়, জনবল ও স্টেশনারী ব্যবহার হ্রাস পেয়েছে।

**খ) বাস্তবায়নের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা?**

| কার্যক্রম | জুলাই ২১ | আগস্ট ২১ | ডিসে ২১ |
|---|---|---|---|
| সার্ভিস ডিজিটাইজেশনের কর্মশালার তারিখ | | | |
| সার্ভিস ভেলিডেশনের তারিখ | | | |
| পুরো অধিক্ষেত্রে বাস্তবায়ন শুরুর তারিখ | | | |
| পুরো অধিক্ষেত্রে বাস্তবায়ন মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ | | | |

**গ) বাস্তবায়নের জন্য ব্যয়িত অর্থের পরিমাণ:** -

**ঘ) বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ :** ইন্টানেট অনেক সময় থাকে না। প্রযুক্তি জ্ঞান সম্পন্ন দক্ষ জনবল দরকার।

**ঙ) চ্যালেঞ্জ মোকাবেলায়গৃহীত ব্যবস্থাদি:**
ইন্টারনেট সেবার মানবৃদ্ধি। নিরবিচ্ছন্ন বিদ্যুতের ব্যবস্থা। সম্পৃক্ত জনবলকে অনলাইনে প্রশিক্ষণ প্রদান।


**চ) সরকারি আদেশ জারির তারিখ:** ২৮-১২-২০২১খ্রি:

**ছ) প্রচারের গৃহীত ব্যবস্থাদি:** আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ওয়েবসাইটে (www.imli.gov.bd) প্রচার।

**জ) পরিবীক্ষণ :** প্রশাসন বিভাগ, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট।



**ঝ) অভিজ্ঞতালব্ধ শিক্ষণ:**
অনলাইনে মিলনায়তন বুকিং চালু হওয়ার পর থেকে সভার সময় নিয়ে আর বিড়ম্বনায় পড়তে হয় না। আবেদন পাওয়ার ব্যাপারে জিজ্ঞেস করতে হয় না। ধাপ কমে যাওয়ার দ্রুত কাজ দ্রুত সম্পন্ন হয়। আবেদন হারিয়ে যাওয়ার ভয় থাকে না। একই সময় দুটি অনুষ্ঠানের তারিখ বা সময় পড়ে না।

**ঞ) সেবা সহজিকরণ কার্যক্রমে ছবি ও লিংক**




https://www.mygov.bd/service/?id=BDGS-1637559502

**ট) বাস্তবায়ন টিম: নাম, পদবি, ছবি**

| | | |
|---|---|---|
| ১ | নাজমুন নাহার<br>উপপরিচালক<br>আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট |  |
| ২ | শেখ শামীম ইসলাম<br>সহকারী পরিচালক<br>আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট |  |
| ৩ | মোহাম্মদ মাহবুবুর রহমান খান<br>সহকারী পরিচালক<br>আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট |  |

**ঠ) টেকসইকরণে গৃহীত ব্যবস্থাদি:**

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ওয়েবসাইটে লিংক স্থাপন, অনলাইন বেইজড সফটওয়্যারটি mygov প্লাটফর্মে লাইভকরণ।

(মোহাম্মদ মাহবুবুর রহমান খান)
সহকারী পরিচালক (প্রশাসন)
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
১/ক সেগুনবাগিচা, ঢাকা ১০০০
www.imli.gov.bd

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50
শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং: ৩৭.২৬.০০০০.১০৭.২৭.০০১.১৯- ৮৩৭

১৩ পৌষ ১৪২৮
তারিখ:---------------------
২৮ ডিসেম্বর ২০২১

**বিষয়: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ আওতায় সেবা ডিজিটাইজকরণের বিষয়ে অবহিতকরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের আওতায় 'মিলনায়তন ব্যবহার' সেবা ডিজিটাইজড করা হয়েছে (লিংক: https://www.mygov.bd/service/?id=BDGS-1637559502)। এ সংক্রান্ত তথ্যাদি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

(মোহাম্মদ মাহবুবুর রহমান খান)
সহকারী পরিচালক (প্রশাসন)
ই-মেইল: imli.moebd@gmail.com

সিনিয়র সহকারী সচিব (অ.দা)
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়